

সরকারী অংশীদাররা সম্প্রতি আমাদের খুব অল্প সংখ্যক
Johnson & Johnson (Janssen) টিকাজনিত কিছু গুরুতর
প্রতিকূল ঘটনা সম্পর্কে সতর্ক করেছেন।

যদিও এই ঘটনাগুলো অত্যন্ত বিরল বলে মনে হচ্ছে, পূর্ণমাত্রায়
সতর্ক থাকার উদ্দেশ্যে আমরা মঙ্গলবার, (4/13) তারিখ
হতে নিউ ইয়র্ক সিটিতে Johnson & Johnson টিকা প্রয়োগ
স্বগিত করেছি।

FDA ও CDC কর্তৃক যে ঘটনাগুলো যাচাই করে দেখা হয়েছে
সেখানে সেরিব্রাল ভেনাস সাইনাস থ্রম্বোসিস (CVST) নামক রক্ত
জমাট বাঁধার এক ধরনের সমস্যা দেখা গেছে, যার সাথে রক্তের
অণুচক্রিকার সংখ্যা কমে যাওয়াও (থ্রম্বোসাইটোপেনিয়া) ছিল।

J&J টিকা গ্রহণকারী ব্যক্তিদের মধ্যে যাদের টিকা নেওয়ার তিন
সপ্তাহের মধ্যে গুরুতর মাথাব্যথা, তলপেটে ব্যথা, পায়ে ব্যথা,
বা শ্বাসকষ্ট দেখা গেছে তাদের উচিত তাদের স্বাস্থ্য সেবা
প্রদানকারীর সাথে যোগাযোগ করা।

COVID-19 টিকাসমূহ সম্পর্কে আরো জানতে:

nyc.gov/covidvaccine

Bengali

